

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৪১.০৯৩.০১০.০০.০০২.২০১৩ (অংশ-২)-২১০

তারিখঃ ০৮.০৯.২০১৬খ্রিঃ

বিষয়ঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় এর উদ্যোগে তথ্য ও যোগাযোগ ভিত্তিক দেশের সর্ববৃহৎ মেলা 'ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬'এ অংশগ্রহণ।


সূত্রঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ডিও নং-৫৬.০১.০০০০.০০৭.৫০.১৫৮.১৬-১৪২৩(১২), তারিখঃ ২১.০৮.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় এর উদ্যোগে প্রতিবছরের মতো এ বছর ১৯ থেকে ২১ অক্টোবর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি, বসুন্ধরায় দেশের সর্ববৃহৎ মেলা 'ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬' অনুষ্ঠিত হবে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), প্রধানমন্ত্রী কার্যালয়ের এটুআই প্রকল্প এবং বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিস (বেসিস) এ মেলার সহ-আয়োজক হিসেবে সম্পৃক্ত রয়েছে। ডিজিটাল বাংলাদেশ লক্ষ্য অর্জনে এ আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এবারের আয়োজনে ই-গভর্ন্যান্স এক্সপো, ইনোভেশন এক্সপো, আইওটি অ্যান্ড রোবোটিক্স জোন, স্টার্ট-আপ সফটওয়্যার শোকেসিং, ই-কমার্স এক্সপোসহ প্রায় ২০টি সেমিনার ও কনফারেন্স অন্তর্ভুক্ত করা হয়েছে। অধিকন্তু, ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬-তে একটি মিনিস্টেরিয়াল কনফারেন্স অন্তর্ভুক্ত করা হয়েছে।

০২। 'ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬' প্রদর্শনীর জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থাসমূহের ই-সেবাসহ ই-গভর্নেন্স কার্যক্রমসমূহ চিহ্নিতকরণ এবং প্রদর্শনীতে অংশগ্রহণের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ প্রদানের অনুরোধ করা হ'য়।

০৩। এমতাবস্থায়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থাসমূহ-কে 'ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬'-তে প্রদর্শনীর জন্য ই-সেবাসহ ই-গভর্নেন্স কার্যক্রমসমূহ চিহ্নিতকরণ ও প্রদর্শনীতে অংশগ্রহণের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা গেল।

সংযুক্ত: ০১ (এক) পাতা।


(মোহাম্মদ নাসির উদ্দীন)

উপসচিব

ফোনঃ ৯৫৪০৩৬২

ই-মেইল-monitor@mohfw.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, (স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ নিপোর্ট/ওষধ প্রশাসন) অধিদপ্তর, ঢাকা।
২. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, আনসারী ভবন, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা।
৪. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৫. পরিচালক, সেবা পরিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৬. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে:

১. অতিরিক্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা/পরিবার কল্যাণ ও কার্যক্রম/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য/প্রশাসন/হাসপাতাল/শৃঙ্খলা ও নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. জনাব এস এম আশরাফুল ইসলাম, অতিরিক্ত সচিব ও নির্বাহী পরিচালক, বিসিসি
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, আইসিটি টাওয়ার,
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৪. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।



বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়

আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ৫৫০০৬৮৪৮ ফ্যাক্সঃ ৯১২৪৬২৬, ই-মেইলঃ bcc@bcc.net.bd Web Site: <http://www.bcc.gov.bd>

ডিও নং- ৫৬.০১.০০০০.০০৭.৫০.১৫৮.১৬-১৪২৩(১২)

তারিখঃ ২১.০৮.২০১৬

শ্রী. মজুমদার,

আপনি অবহিত আছেন যে, প্রতিবছর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর উদ্যোগে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ভিত্তিক দেশের সর্ববৃহৎ মেলা 'ডিজিটাল ওয়ার্ল্ড' অনুষ্ঠিত হয়। প্রতিবারের মতো এ বছর ১৯ থেকে ২১ অক্টোবর সময়ে ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬ অনুষ্ঠিত হবে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), প্রধানমন্ত্রী কার্যালয়ের এটুআই প্রকল্প এবং বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিস(বেসিস) এবারের এ মেলা অনুষ্ঠানে সহ-আয়োজক হিসেবে সম্পৃক্ত রয়েছে।

২. ডিজিটাল বাংলাদেশের লক্ষ্য অর্জনে এ আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এবারের আয়োজনে ই-গভর্ন্যান্স এক্সপো, ইনোভেশন এক্সপো, আইওটি ড্র্যান্ড রোবোটিক্স জোন, স্টার্ট-আপ জোন, সফটওয়্যার শোকেসিং, ই-কমার্স এক্সপোসহ প্রায় ২০ টি সেমিনার ও কনফারেন্স অন্তর্ভুক্ত করা হয়েছে। এতদ্ব্যতীত ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬ এর অন্যতম গুরুত্বপূর্ণ প্রোগ্রাম হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে একটি মিনিস্ট্রিয়াল কনফারেন্স।

৩. ডিজিটাল ওয়ার্ল্ডের ই-গভর্নেন্স এক্সপোতে সরকারের ই-গভর্নেন্স বিষয়ক কার্যক্রম, উদ্ভাবন, ই-সেবা ইত্যাদি দেশ ও বিদেশের অতিথি ও দর্শনার্থীদের সম্মুখে উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা করা হয়। প্রতিবারের ন্যায় এবারও মেলায় প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/ প্রতিষ্ঠানের জন্য স্টলের মৌলিক কাঠামোসহ স্টল বরাদ্দ করা হবে এবং বরাদ্দকৃত স্টলে প্রতিষ্ঠানসমূহের স্ব উদ্যোগে ডেকোরেশন ও ব্র্যান্ডিং করে নিতে হবে।

৪. এমতাবস্থায় ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬ তে প্রদর্শনীর জন্য আপনার মন্ত্রণালয়/বিভাগ/ প্রতিষ্ঠানের ই-সেবাসহ ই-গভর্নেন্স কার্যক্রমসমূহ চিহ্নিতকরণ এবং প্রদর্শনীতে অংশগ্রহণের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণে আপনার মন্ত্রণালয়/বিভাগ/ প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের জন্য বিনীত অনুরোধ জানানো হল। সেই সাথে আপনার প্রতিষ্ঠান হতে একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করে তাকে বিসিসিতে স্থাপিত ডিজিটাল ওয়ার্ল্ড সেক্রেটারিয়েটের নিম্নলিখিত ফোন ও ই-মেইলে যোগাযোগের অনুরোধ করা হলঃ ফোনঃ ৮১৮১০৩২, উদ্দেশ্যে - ৮১৮১০৩৩ বা, ই-মেইলঃ dw16@bcc.net.bd/dw16.secretariat@gmail.com

আন্তরিকভাবে আপনার,

০২৩৬ ২৭/৮/১৬

(এস এম আশরাফুল ইসলাম)

অতিরিক্ত সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নির্বাহী পরিচালক, স্বাস্থ্য পরিচালনা কেন্দ্র (প্রশাসন মহোদয়ের দপ্তর)

জনাব সৈয়দ মঞ্জুরুল ইসলাম
সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ডায়েরী নং.....	তারিখ.....
মুদ্র সচিব (প্রশাসন) ২৫৪৪	
মুদ্র সচিব (পাঠ) ৩০/৮	
উপ-প্রধান (মুদ্র সচিব) HRM	
উপ সচিব.....	
সিঃ সঃ সচিব.....	
সহকারী সচিব.....	
ব্যক্তিগত কর্মকর্তা.....	
অন্যান্য.....	

অতিরিক্ত সচিব প্রশাসন

০৪ ০৭ ২০১৬